গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
জরিপ অধিশাখা- ২
www.minland.gov.bd

স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৬৭.১৯.৪৭৬

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ০৪ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : সারা দেশে ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত জরিপ কার্যক্রমে ডিজিটাল সফ্টওয়্যার ব্যবহার।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ০৯-১০-২০১৯ তারিখে জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা কর্তৃক প্রস্তুতকৃত অনলাইন ভূমি জরিপ সম্পর্কিত সফটওয়্যার দেশের সর্বত্র ডিজিটাল জরিপে প্রয়োগের নিমিত্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থাপিত সফ্টওয়্যারের উপর বিষদ আলোচনা করা হয়। উক্ত সভায় উপস্থাপিত সফ্টওয়্যারটি সারাদেশে ডিজিটাল জরিপে প্রয়োগের ব্যাপারে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) আনুষ্ঠানিকভাবে সফ্টওয়্যারটি উদ্বোধনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করতে হবে ;

খ) ঢাকা জোনে সফ্টওয়্যারটি দ্রুত চালু করতে হবে।

গ) সফ্টওয়্যারটি ক্রমান্বয়ে সারাদেশে চলমান ডিজিটাল জরিপে ব্যাপক ব্যবহারের জন্য আগামী পাঁচ বছরের চাহিদাকে ভিত্তি ধরে প্রয়োজনীয় যন্ত্রাংশ (যেমন-সার্ভার, হার্ডডিস্ক, ল্যাপটপ কম্পিউটার, ডেস্কটপ কম্পিউটার, এন্টি ভাইরাস, প্রিন্টার, প্লটার প্রভৃতি) সংগ্রহের পদক্ষেপ গ্রহণ করতে হবে ;

ঘ) উপস্থাপিত সিস্টেমটি আরও সংস্কার/সংযোজনের মাধ্যমে আধুনিক ও যুগোপযোগী করতে হবে ;

ঙ) সিস্টেমটি অধিক সুরক্ষিত এবং সব সময় (২৪/৭) কর্মক্ষম রাখার জন্য Data Centre এ হোস্টিং করার ব্যবস্থা করতে হবে ;

এবং

চ) সিস্টেমটির Maintenance and Trouble Shooting এর জন্য প্রয়োজনীয় পদ সৃজন/নিয়োগদান/ আউট সোর্সিং এর মাধ্যমে বিশেষজ্ঞ জনবল নিয়োগের ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে বিশেষজ্ঞ জনবল নিয়োগের পূর্বপর্যন্ত আলোচ্য সফ্টওয়্যারটির নির্মাতা প্রতিষ্ঠানের সাথে Maintenance and Operation Contract করা যেতে পারে।

০২। বর্ণিতাবস্থায় সারা দেশে ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত জরিপ কার্যক্রমে উক্ত সফ্টওয়্যারটি ব্যবহার নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মো. আব্দুর রহমান)
উপ-সচিব
ফোন : ৮৮০২৯৫৪০৯১৯

মহাপরিচালক
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৬৭.১৯.৪৭৬/১(১০)

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ০৪ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। মুখ্য সমন্বয়ক (এম ডি জি) বিষয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, সেরে বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার ---(সকল)।
৬। জেলা প্রশাসক ---(সকল)।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
৮। জোনাল সেটেলমেন্ট অফিসার/দিয়ারা সেটেলমেন্ট অফিসার ---(সকল)।
৯। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়।

(মো. আব্দুর রহমান)
উপসচিব